

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

www.bb.org.bd

এফই সার্কুলার পত্র নং ০৮

তারিখঃ ফেব্রুয়ারি ০৯ ২০২২

বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত

সকল অনুমোদিত ডিলার ব্যাংকের

প্রধান কার্যালয় প্রিন্সিপাল অফিস

প্রিয় মহোদয়

আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৫৬ ধারা অনুযায়ী অনিবাসী ব্যক্তি/প্রতিষ্ঠানের আয় হতে কর কর্তন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে এতদসংযুক্ত জাতীয় রাজস্ব বোর্ডের ০১ ০২ ২০২২ তারিখের পত্র নম্বর ০৮ ০১ ০০০০ ০৩৩ ২২ ০০৩ ২০২০ ১৬৯ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। পত্রের মাধ্যমে ইনভয়েসমূল্য রেমিট করার ক্ষেত্রে আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৫৬ ধারার আওতায় যে পরিমাণ অর্থ রেমিট করা হচ্ছে তা থেকে প্রযোজ্য হারে কর কর্তনপূর্বক অবশিষ্ট অর্থ রেমিটের নির্দেশনা দেয়া হয়েছে। একইসাথে সম্পূর্ণ ইনভয়েসমূল্য পরিশোধের ক্ষেত্রে কর্তিত এবং জমাকৃত করের পরিমাণ হিসাবায়নের পদ্ধতি সূত্র সহকারে উদাহরণসহ ব্যাখ্যা করা হয়েছে। এছাড়াও কতিপয় খাত বাবদ পরিশোধযোগ্য অর্থের বিপরীতে প্রযোজ্য করহার স্পষ্টীকরণ করা হয়েছে। আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৫৬ ধারা অনুযায়ী কর্তিত বা সংগৃহীত কর প্রেরকের অনুকূলে জমা করা হলে রেমিটকৃত অর্থ হতে আদৌ কোন কর কর্তন করা হয়নি মর্মে গণ্য করা হবে। এতদ্ব্যতীত সেবা সংঘটনের স্থান সময় ও সেবাগ্রহীতা বিবেচনায় ভিন্ন করহার প্রয়োগের বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের প্রত্যয়নের আবশ্যকতা রয়েছে এবং কোন প্রকারের অনিয়ম পরিলক্ষিত হলে মাসিক ২ দুই শতাংশ সরল হারে অতিরিক্ত পরিশোধ প্রযোজ্য হবে।

অনুগ্রহপূর্বক বিষয়টি সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করবেন।

সংযোজনী বর্ণনা মোতাবেক


আপনাদের বিশ্বস্ত



কাজী রফিকুল হাসান

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১২৩



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
[কর নীতি উইং]
সেগুনবাগিচা, ঢাকা
www.nbr.gov.bd

পত্র নম্বর-০৮.০১.০০০০.০৩৩.২২.০০৩.২০২০.১৬৯

তারিখ: ১৮ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ
০১ ফেব্রুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ

বিষয়: আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৫৬ ধারা অনুযায়ী অনিবাসী ব্যক্তি/প্রতিষ্ঠানের আয় হতে কর কর্তন।

সূত্র: বাংলাদেশ ব্যাংকের পত্র নং এফইপিডি (রেমিটলিসি-২)/৩/২০২২-৫৫, তারিখ ০৪.০১.২০২২

সূত্রোক্ত পত্রের বিষয়ে আদিষ্ট হয়ে নিম্নরূপ স্পষ্টিকরণ করা যাচ্ছে-

প্রশ্ন- ১: অনিবাসী কোন ব্যক্তির অনুকূলে ইনভয়েসমূল্য রেমিট করার ক্ষেত্রে ৫৬ ধারায় কর কর্তন পূর্বক অবশিষ্ট অর্থ প্রেরণ করতে হবে কিনা?

উত্তর: আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৫৬ প্রযোজ্য হয় এমন সকল ক্ষেত্রে যে পরিমাণ অর্থ রেমিট করা হচ্ছে তা থেকে প্রযোজ্য হারে কর কর্তন পূর্বক অবশিষ্ট অর্থ রেমিট করতে হবে।

উদাহরণ: ধরা যাক, কোন ব্যক্তি অনিবাসী কোন ব্যক্তির অনুকূলে Consultancy Service বাবদ ইনভয়েসমূল্য ১০০ টাকা রেমিট করবেন। সেক্ষেত্রে তিনি আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ৫৬ অনুযায়ী ২০ টাকা কর কর্তন ও সরকারি কোষাগারে জমা পূর্বক ইনভয়েসমূল্যের অবশিষ্ট ৮০ টাকা রেমিট করতে পারবেন।

প্রশ্ন- ২: অনিবাসী কোন ব্যক্তির অনুকূলে ইনভয়েসমূল্য সম্পূর্ণরূপে রেমিট করার ক্ষেত্রে ৫৬ ধারা অনুসারে কী পরিমাণ কর কর্তন ও জমা করতে হবে?

উত্তর: আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৫৬ প্রযোজ্য হয় এমন সকল ক্ষেত্রে অনিবাসী ব্যক্তির অনুকূলে রেমিটকৃত অর্থের বিপরীতে নিম্নোক্ত সূত্র মোতাবেক কর কর্তন পূর্বক তা সরকারি কোষাগারে জমা করতে হবে।

সূত্র: ধারা ৫৬ অনুযায়ী কর্তিত ও জমাকৃত করের পরিমাণ =
$$\frac{\text{প্রযোজ্য করহার} \times \text{রেমিটকৃত অর্থের পরিমাণ}}{১০০ - \text{প্রযোজ্য করহার}}$$

উদাহরণ: ধরা যাক, কোন ব্যক্তি কর্তৃক অনিবাসী কোন ব্যক্তির অনুকূলে Consultancy Service বাবদ রেমিটকৃত অর্থের পরিমাণ ১০০ টাকা। এক্ষেত্রে ৫৬ ধারায় কর্তিত ও জমাকৃত করের পরিমাণ উপরিউক্ত সূত্র অনুযায়ী নিম্নরূপে নির্ধারিত হবে।

অর্থাৎ রেমিটকৃত অর্থ যদি ১০০ টাকা হয় এক্ষেত্রে ৫৬ ধারায় কর্তিত ও জমাকৃত করের পরিমাণ হবে $(২০ \times ১০০)/(১০০-২০)$ টাকা বা ২৫ টাকা।

প্রশ্ন- ৩: ধারা ৫৬ অনুসারে কর্তিত এবং জমাকৃত কর প্রেরকের অনুকূলে জমা করা যাবে কিনা?

উত্তর: আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৫৬ অনুযায়ী কর্তিত বা সংগৃহীত কর প্রেরকের অনুকূলে জমা করা যাবে না। এ ধারায় কর্তিত বা সংগৃহীত কর প্রেরকের অনুকূলে জমা করা হলে রেমিটকৃত অর্থ হতে আদৌ কোন কর কর্তন করা হয়নি মর্মে গণ্য হবে।

প্রশ্ন- ৪: Advertisement Making, Digital Marketing, Advertisement Broadcasting, Arbitration Settlement Fee or Compensation এবং Priority Pass বাবদ পরিশোধযোগ্য অর্থের বিপরীতে করহার কী হবে এবং কোন ধরনের পরিশোধ কোন ক্যাটাগরিতে পড়বে?

উত্তর: ধারা ৫৬ অনুযায়ী Advertisement Making, Digital Marketing, Advertisement Broadcasting, Arbitration Settlement Fee or Compensation এবং Priority Pass বাবদ পরিশোধযোগ্য অর্থের বিপরীতে নিম্নোক্ত হক মোতাবেক কর কর্তন করতে হবে।

হক

ক্রঃ নং	সেবার/পরিশোধের ধরণ	বর্ণনা	৩০ জুন ২০২২ পর্যন্ত প্রযোজ্য করহার
১।	Advertisement Making	কোন অনিবাসী ব্যক্তির অনুকূলে কেবলমাত্র বিজ্ঞাপন নির্মাণের ব্যয় এর অন্তর্ভুক্ত হবে	১৫%
২।	Digital Marketing	ইন্টারনেট বা অনলাইন ভিত্তিক বিপণন যা মোবাইল ডিভাইস, সামাজিক যোগাযোগের মাধ্যমে করা হয়ে থাকে এবং যা টেলিভিশন চ্যানেলে প্রচারিত নয়	১৫%
৩।	Advertisement Broadcasting	অনিবাসী কোন টেলিভিশন চ্যানেলে সম্প্রচার	২০%
৪।	Arbitration Settlement Fee	আইনী সেবা	২০%
৫।	Compensation	৫৬ ধারার ক্রমিক নং ২৭ এর আওতায় পরিশোধ হিসেবে গণ্য	৩০%

৬।	Priority Pass বাবদ পরিশোধযোগ্য অর্থ	৫৬ ধারার ক্রমিক নং ২৬ এর আওতায় পরিশোধ হিসেবে গণ্য	২০%
----	--	---	-----

প্রশ্ন- ৫: সেবা সংঘটনের স্থান, সময় ও সেবাগ্রহীতা বিবেচনায় ভিন্ন ভিন্ন করহারের সুযোগ রয়েছে কি না?

উত্তর: দ্বৈত করারোপণ পরিহার চুক্তি বা অন্যকোনভাবে সেবা সংঘটনের স্থান, সময় ও সেবাগ্রহীতা বিবেচনায় ভিন্ন ভিন্ন করহারের সুযোগ থাকলে সে মর্মে আবশ্যিকভাবে জাতীয় রাজস্ব বোর্ডের প্রত্যয়ন থাকতে হবে।

প্রশ্ন- ৬: ৫৬ ধারায় কর কর্তন ও জমাদানের ক্ষেত্রে খেলাপী কর উদ্ধারের বা আদায়ের সময়সীমা কতদিন?

উত্তর: যেকোন বছরের উৎসে কর কর্তন ও জমাদানের ক্ষেত্রে কোন প্রকারের অনিয়ম পরিলক্ষিত হলে তা যেকোন সময় উদ্ধার বা আদায় করা যাবে। এক্ষেত্রে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৫৭ মোতাবেক খেলাপী অংকের উপর মাসিক ২% (দুই শতাংশ) সরলহারে অতিরিক্ত পরিশোধ প্রযোজ্য হবে।

এ. কে. এম. রমিজুল ইসলাম
উপ মহাব্যবস্থাপক
বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
রেমিট্যান্স নীতি শাখা-২
বাংলাদেশ ব্যাংক, মতিঝিল

(বাপন চন্দ্র দাস)
দ্বিতীয় সচিব (কর-১১)
করনীতি শাখা
জাতীয় রাজস্ব বোর্ড